**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/15/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# জন নিরাপত্তা এবং জরুরি যোগাযোগ ব্যবস্থা উন্নত করার জন্য 55 মিলিয়ন ডলার লভ্য রয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***উপযুক্ত কাউন্টিগুলোর জন্য এখন স্টেটের আন্তঃপরিচালনাযোগ্য যোগাযোগের জন্য 45 মিলিয়ন ডলার এবং পাবলিক সেফটি আনসারিং পয়েন্টের কার্যপরিচালনার জন্য 10 মিলিয়ন ডলারের অনুদান লভ্য রয়েছে***

***স্টেটজুড়ে স্থানীয় জন নিরাপত্তা এবং জরুরি যোগাযোগ ব্যবস্থা আধুনিকায়ন এবং উন্নত করতে সাহায্য করার জন্য কর্মসূচিসমূহ তৈরি করা হয়েছে***

***উভয় অনুদান কর্মসূচির জন্য আবেদনের শেষ সময় 26 জুন, 2023 তারিখ; উপযুক্ত আবেদনকারীরা এখানে*** আবেদন করতে পারবে

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটের জরুরি যোগাযোগ ব্যবস্থা এবং পাবলিক সেফটি আনসারিং পয়েন্টগুলোর উন্নয়ন এবং রক্ষণাবেক্ষণের জন্য 55 মিলিয়ন ডলারের একটি অনুদান প্রাপ্তির সুযোগের কথা ঘোষণা করেছেন। 45 মিলিয়ন ডলারের স্টেটের আন্তঃপরিচালনাযোগ্য যোগাযোগের জন্য ফর্মুলা অনুদান (State Interoperable Communications Formula Grant, SICG-Formula) স্টেটের জন্য উপযুক্ত কাউন্টিগুলোকে স্টেটব্যাপী জরুরি যোগাযোগ ব্যবস্থার সাথে সম্পর্কিত বিভিন্ন ক্রিয়াকলাপের জন্য খরচ হওয়া অর্থ ফেরত দেওয়ার সুযোগ করে দিয়েছে। 10 মিলিয়ন ডলারের পাবলিক সেফটি আনসারিং পয়েন্টের কার্যপরিচালনার জন্য অনুদান কর্মসূচি কাউন্টিগুলোকে জন নিরাপত্তা সংক্রান্ত কল গ্রহণ করা এবং ডিসপ্যাচের সাথে সম্পর্কিত উপযুক্ত খরচগুলোর জন্য স্টেটের সহায়তা পাওয়ার সুযোগ প্রদান করছে।

"নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখা আমার শীর্ষ অগ্রাধিকার, এবং জরুরি পরিস্থিতিতে যখন প্রতিটি সেকেন্ড মূল্যবান হয়ে উঠে সে সময়ে একটি কার্যকর সাড়াদান নিশ্চিত করার অর্থ হলো জরুরি যোগাযোগ ব্যবস্থার মতো অতি গুরুত্বপূর্ণ সিস্টেমগুলোর জন্য সঠিক হাতিয়ার ও সহায়তা বিদ্যমান থাকা," **বলেছেন গভর্নর হোকল**। "এই তহবিল নিউ ইয়র্কের জরুরি পরিস্থিতিতে সাড়াদানের সক্ষমতা জোরদার করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং প্রথম সাড়াদানকারীদের কাছে যাতে আমাদের কমিউনিটিগুলোকে নিরাপদ রাখার জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ থাকে সে বিষয়টি নিশ্চিত করার জন্য এসব তহবিল কাজে লাগানোর জন্য আমি স্টেটজুড়ে কাউন্টির কর্মকর্তাদেরকে উৎসাহিত করছি।"

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "দুর্যোগ আঘাত হানার সময়ে প্রথম সাড়াদানকারীদের কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখা এবং জীবন বাঁচানোর জন্য কাজ করার সময় একে অপরের সঙ্গে স্পষ্টভাবে যোগাযোগ করতে সক্ষম হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই তহবিলের মাধ্যমে, জন নিরাপত্তা অংশীদাররা স্থানীয় সাড়াদান পদ্ধতি জোরদার করা এবং অধিকতর নিরাপদ কমিউনিটি গড়ে তোলার জন্য অপরিহার্য গুরুত্বপূর্ণ অবকাঠামো ও প্রযুক্তিগত উন্নয়নসমূহ বাস্তবায়ন করতে সক্ষম হবে।"

আবেদনের সুযোগ উন্মুক্ত হয়েছে এবং SICG-ফর্মুলা এবং পাবলিক সেফটি আনসারিং পয়েন্ট (Public Safety Answering Point, PSAP) কর্মসূচি উভয়ের জন্য আবেদনের সময়সীমা সোমবার, 26 জুন, 2023 তারিখ পর্যন্ত।

উভয় অনুদানের সুযোগ সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে DHSES অনুদানের ওয়েবপেইজ ভিজিট করুন।

গভর্নর হোকল ইতোপূর্বে ঘোষণা দিয়েছিলেন যে 2024 অর্থবছরের বাজেটে স্টেটব্যাপী জরুরি সাড়াদান পরিষেবা উন্নত করতে বাড়তি বিনিয়োগ ও পদক্ষেপসমূহ গ্রহণ করা হবে, যার মধ্যে রয়েছে:

- স্টেটের ইমার্জেন্সি অপারেশন্স সেন্টারের (Emergency Operations Center) উন্নয়নের জন্য **105 মিলিয়ন ডলার**, যেটি বৃহৎ সব জরুরি পরিস্থিতিতে জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতি এবং সাড়াদান কার্যক্রম সমন্বয়ের জন্য স্টেটের কেন্দ্রীয় লোকেশন হিসেবে ভূমিকা রাখে।
- স্বেচ্ছাসেবক দমকল বিভাগগুলোকে নির্মাণকাজ, সংস্কার, বা ফ্যাসিলিটি বা সরঞ্জাম ক্রয়ের জন্য মূলধনী অনুদান প্রদান করতে **25 মিলিয়ন ডলার**।
- প্রত্যেক কাউন্টিতে একটি পাবলিক সার্ভিস আনসারিং পয়েন্টের সঙ্গে সংযুক্ত থাকবে এমন একটি ফাইবার অপটিক ক্যাবল নেটওয়ার্কের মাধ্যমে পরবর্তী প্রজন্মের 911-এর দিকে উত্তরণে কাউন্টিগুলোকে সহায়তা করার জন্য **20 মিলিয়ন ডলার**।
- মৌলিক প্রশিক্ষণ সম্পন্ন করেছেন এমন স্বেচ্ছাসেবক দমকল কর্মীদেরকে স্টেটের অর্থায়নে ভাতা প্রদান করার জন্য **10 মিলিয়ন ডলার**।

**স্টেটের আন্তঃপরিচালনাযোগ্য যোগাযোগের জন্য ফর্মুলা অনুদান (SICG-Formula)** । স্টেটের আন্তঃপরিচালনাযোগ্য যোগাযোগের জন্য ফর্মুলা অনুদান (SICG-Formula) প্রথম সাড়াদানকারীদের দ্বারা কার্যপরিচালনার জন্য ব্যবহারের ক্ষেত্রে প্রযুক্তি অধিগ্রহণ সমন্বয় করার মাধ্যমে আন্তঃপরিচালনাযোগ্য যোগাযোগের মধ্যকার ব্যবধান কমিয়ে আনার উপর জোর দেয়, যা উচ্চ পর্যায়ের আন্তঃপরিচালনাযোগ্যতা অর্জন করার জন্য প্রয়োজনীয় ভিত্তি প্রদান করে। এই অনুদান স্টেটকে যোগাযোগের পদ্ধতি ও উপাদান, প্রশিক্ষণ ও অনুশীলন, এবং পরিচালনা

কাঠামো টিকিয়ে রাখা এবং উন্নত করার জন্য লোকালয়গুলোকে সাহায্য করে এমন উপযুক্ত খরচগুলোর অর্থ পরিশোধ করার সুযোগ প্রদান করছে। এছাড়াও এটি কাউন্টির জন নিরাপত্তা বিষয়ক সংগঠনগুলোকে জরুরি সাড়াদান বৃদ্ধি করতে, যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির (Department of Homeland Security, DHS) জাতীয় জরুরি যোগাযোগ পরিকল্পনা (National Emergency Communications Plan) উন্নত করতে, কার্যপরিচালনার পদ্ধতি এবং অবকাঠামো নির্মাণ উন্নত করতে, এবং DHS সাইবার নিরাপত্তা এবং অবকাঠামো নিরাপত্তা বিষয়ক সংস্থা (Cybersecurity and Infrastructure Security Agency, CISA)-এর তরফ থেকে পাওয়া SAFECOM নির্দেশনা মেনে চলতে সহায়তা করছে।
উপযুক্ত কাউন্টিগুলো এবং নিউ ইয়র্ক সিটির জন্য মোট 45 মিলিয়ন ডলারের SICG-ফর্মুলা অনুদান তহবিল লভ্য রয়েছে।

**পাবলিক সেফটি আনসারিং পয়েন্টের কার্যপরিচালনার জন্য অনুদান (PSAP)**
পাবলিক সেফটি আনসারিং পয়েন্টের কার্যপরিচালনার জন্য অনুদান (PSAP) অপ্রতিযোগিতামূলক এবং একটি ফর্মুলা অনুযায়ী অর্থ বরাদ্দ করে থাকে যেটি ভিন্ন ভিন্ন কয়েকটি মানদণ্ড অনুযায়ী অনুদানপ্রাপ্তদের মধ্যে সমানভাবে তহবিল বন্টন করে থাকে, যেসব মানদণ্ডের মধ্যে কার্যপরিচালনার পরিসর, জনগোষ্ঠীগত উপাদান, জরুরি পরিষেবার কল ম্যাট্রিক্স, নতুন প্রযুক্তি মোতায়েন, এবং জরুরি যোগাযোগের জন্য স্টেট ও জাতীয় নির্দেশনা মেনে চলা, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। এই অনুদান অনুদানপ্রাপ্তদের বিদ্যমান কার্যক্রম পরিচালনায় সহায়তা করছে এবং পরবর্তী প্রজন্মের 911 (Next Generation 911, NG911) প্রযুক্তি এবং NG911 এর জন্য প্রয়োজনীয় জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (Geographic Information System, GIS) উন্নয়নে উৎসাহিত করছে। এছাড়াও PSAP অনুদান বিভিন্ন বিচারিক ক্ষেত্র, যেমন অন্যান্য কাউন্টি এবং স্টেট সংস্থাগুলোর মধ্যে কার্যপরিচালনা ও কর্মপদ্ধতিগত কর্মদক্ষতা এবং সার্বিক সহযোগিতা উন্নয়নের প্রসার ঘটায়।

2022-23 অর্থবছরের স্টেট বাজেটে PSAP-এর কার্যপরিচালনা ও উন্নয়নে সহায়তা করার জন্য উপযুক্ত আবেদনকারীদেরকে 10 মিলিয়ন ডলারের অনুদান প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে। কর্মীদের জন্য হওয়া খরচ সহ কার্যপরিচালনার ব্যয়ের অর্থ স্টেট পরিশোধ করছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন